যুগান্তর

তারিখ : 09 MAR 2015
পৃষ্ঠা ... কলাম ...

# রূপগঞ্জে বিদ্যালয়ের অবৈধ কমিটি নিয়ে উত্তেজনা

রূপগঞ্জ প্রতিনিধি

রূপগঞ্জ সদর এলাকার কাজী আবদুল হামিদ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গোপনে বেআইনিভাবে গঠনকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা দেখা দিয়েছে। অবৈধ কমিটির সদস্যরা টেলিফোনে প্রতিবাদকারীদের দেখে নেয়ার হুমকি দেয়ায় উত্তেজনা বেড়ে গেছে। এতে যে কোনো সময় ক্ষুব্ধ অভিভাবক ও এলাকাবাসীর সঙ্গে অবৈধ কমিটির সদস্যদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হতে পারে বলে আশংকা করছেন স্থানীয়রা। অবৈধ ও অগণতান্ত্রিক পন্থায় প্রশাসনকে পাশ কাটিয়ে গোপনে করা ওই কমিটি বাতিল করে পুনরায় নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনের দাবি জানিয়ে চলছে প্রতিবাদকারীদের বিক্ষোভ। এদিকে, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি কেএম রহমত উল্লাহ ক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকদের আন্দোলনের মুখে অবৈধভাবে করা কমিটি বাতিল করে পুনরায় নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনের ঘোষণা দিলেও তা আজও বাস্তবায়ন হয়নি। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি কেএম রহমত উল্লাহ ক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকদের আন্দোলনের মুখে চাপে পড়ে মঙ্গলবার সন্ধ্যায় স্কুলের একটি কক্ষে অভিভাবকদের নিয়ে বৈঠক করেন।